গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সমন্বিত উপবৃত্তি কর্মসূচি**

সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ২য় ব্লক, ৫ম তলা, ঢাকা-১০০০।

hsp.sedp@gmail.com

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/উমাউ/৩৯/২০২০/ ২৬৮(৪৮২) তারিখ:২২.০৭.২০২০ খ্রি.

**বিষয় : উচ্চ মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনুকূলে টিউশন ফি প্রদানের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের অগ্রণী ব্যাংকের অনলাইন একাউন্ট নম্বর প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনে সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি) এর আওতায় সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (এইচএসপি) এর আওতায় উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনুকূলে শিক্ষা প্রতিষ্ঠানের প্রাপ্য টিউশন ফি বিতরণের জন্য নিম্নলিখিত তথ্য ছক মোতাবেক উচ্চ মাধ্যমিক শ্রেণিতে পাঠদানকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (কলেজ, মাদ্রাসা এবং ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ) অগ্রণী ব্যাংকের অনলাইন একাউন্ট (১৩ সংখ্যা) নিম্নের ছক অনুযায়ী উপজেলার সকল প্রতিষ্ঠানের তথ্যাদি একত্র করে যাচাইপূর্বক সফ্টকপি ই-মেইল: **hs.stipend@gmail.com** এবং হার্ডকপি স্কিমের প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

| SL No. | District | Upazila | Name of the Institution | EIIN No. | Online Account No. (13 digit) | Name of Branch, Phone and Email Address | Routing No. |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

২২/০৭/2020

(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
ফোন : ৯৫৬৩৪১২

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলা/থানা...................... জেলা....................... ।

স্মারক নং- এসইডিপি/এইচএসপি/উমাউ/৩৯/২০২০/২৬৮(৪৮২)/১(৫০০) তারিখ: ২২.০৭.২০২০ খ্রি.

**অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৫। জেলা শিক্ষা অফিসার, সকল (জেলাধীন সকল উপজেলার মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো)
৬। অধ্যক্ষ/সুপার (একাদশ শ্রেণিতে পাঠদানকৃত উপবৃত্তি কর্মসূচিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো )।
৮। উপমহাব্যবস্থাপক, পিসিএমডি, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা (একাউন্ট সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)
৯। স্কিম পরিচালকের ব্যক্তিগত সহকারী, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০। সংরক্ষণ নথি।

২২.০৭.2020

(শ.ম. সাইফুল আলম)
উপপরিচালক
ফোন : ৯৫৫৮০৫৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ২য় ব্লক, ৫ম তলা, ঢাকা-১০০০।
hsp.sedp@gmail.com

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/উমাউ/৩৯/২০২০/২৬৯ (৪৮২) তারিখ: ২১/০৭/২০২০ খ্রিঃ

**বিষয় ঃ এসইডিপি এর আওতায় সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উচ্চ মাধ্যমিক/সমমান ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের তালিকাভুক্ত শিক্ষার্থীদের বিকাশ একাউন্ট খোলা সম্পর্কিত নির্দেশনা সংক্রান্ত।**

বর্তমান দেশব্যাপী এইচএসপি স্কিমের আওতায় ২০১৮-১৯ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের বিকাশ একাউন্ট খোলার কার্যক্রম চলছে। করোনা মহমারীর কারণে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকা এবং শিক্ষার্থীরা অনেকেই নিজ প্রতিষ্ঠানের বাইরের কোন উপজেলা বা জেলায় অবস্থান করার কারণে কাজটি বাস্তবায়নে জটিলতা সৃষ্টি হয়েছে। এ জটিলতা নিরসনের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হলো:-

যে সকল শিক্ষার্থীর শিক্ষা প্রতিষ্ঠান একই উপজেলার মধ্যে তারা নির্ধারিত পদ্ধতিতে তার প্রতিষ্ঠানে গিয়ে বিকাশ কর্মীর সহায়তায় একাউন্ট খুলবেন। কিন্তু যে সকল শিক্ষার্থী তার প্রতিষ্ঠান যে উপজেলায় আছে তার বাইরে অবস্থান করছেন তারা (বর্তমানে যে উপজেলা) সেই উপজেলার মাধ্যমিক শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করবেন। **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার** তার উপজেলায় অবস্থান করা এসব শিক্ষার্থীর একটি তালিকা নিম্নবর্ণিত ছক অনুযায়ী প্রস্তুত করবেন।

| ক্রমিক নং | শিক্ষার্থীর নাম | পিতার নাম | শিক্ষার্থীর আইডি নং | প্রতিষ্ঠানের নাম | শিক্ষার্থীর মোবাইল নং | প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নং | EIIN | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

**প্রতিষ্ঠান প্রধানও নিম্নরূপ ছকে একটি তালিকা প্রস্তুত করবেন।**

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নং | EIIN | শিক্ষার্থীর নাম | পিতার নাম | শিক্ষার্থীর আইডি নং | শিক্ষার্থীর মোবাইল নং | শিক্ষার্থীর জেলা/উপজেলা (বর্তমান অবস্থান) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

উপর্যুক্ত তালিকা প্রস্তুত হওয়ার পরে প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তালিকাটির একটি কপি স্থানীয় বিকাশ প্রতিনিধির নিকট হস্তান্তর করবেন। বিকাশ কর্তৃপক্ষ দুটি তালিকা যাচাই করে সঠিক শিক্ষার্থীর হিসাব খোলার কাজ সম্পন্ন করবেন। করোনা মহামারী কারণে প্রতিষ্ঠান প্রধান বিকাশ প্রতিনিধির সাথে আলোচনাপূর্বক স্বাস্থ্যবিধি অনুযায়ী সামাজিক দূরত্ব রক্ষা করে এবং প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা সহকারে কার্যক্রম পরিচালনা করবেন। এক্ষেত্রে নিম্নরূপ ব্যবস্থা নেয়া যেতে পারে :

১। বর্তমানে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাধারণ ছুটি চলমান। এমতাবস্থায় অব্যবহৃত শ্রেণি কক্ষ রয়েছে। সুতরাং শিক্ষার্থীর অভিভাবকসহ বসার ব্যবস্থা করা যায়। কিন্তু তা সম্ভব না হলে দৈনিক শিক্ষার্থীর সংখ্যা কমিয়ে দিতে পারবেন।

২। সময় নিয়ে শিক্ষার্থীদের বিকাশ একাউন্ট খোলার ব্যবস্থা নেওয়ার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদেরকে অনুরোধ করা হলো। তবে এই সময় ৩১শে আগষ্ট, ২০২০ অতিক্রম করবে না।

২১/০৭/২০২০
(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
ফোন : ৯৫৬৩৪১২।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলা/থানা.......................... জেলা.........................।

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/উমাউ/৩৯/২০২০/২৬৯ (৪৮২)/১(৫৩) তারিখ: ২১/০৭/২০২০ খ্রিঃ

<u>অনুলিপি: সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :</u>

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিকাশ লিমিটেড, ঢাকা।
৪। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মাউশির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। জেলা শিক্ষা অফিসার, সকল (জেলাধীন সকল উপজেলার মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো)
৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা.......................... জেলা.........................।
৭। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ..................................................................।
৮। সংরক্ষণ নথি।

২১.০৭.২০২০
(শ.ম. সাইফুল আলম)
উপপরিচালক
ফোন : ৯৫৫৮০৫৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সমন্বিত উপবৃত্তি কর্মসূচি**
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা-১০০০।
hsp.sedp@gmail.com

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/উমাউ/৩৯/২০২০/২৩৭(৪৮২) তারিখ: ১৯.০৭.২০২০ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয় : সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের উপবৃত্তি ও অন্যান্য সুবিধাদি প্রদানের লক্ষ্যে শিক্ষার্থী নির্বাচন ও তথ্যাদি প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের উপবৃত্তি প্রকল্পসমূহের সমাপ্তির পরিপ্রেক্ষিতে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত অধ্যয়নরত শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান, বেতন মওকুফ ও অন্যান্য সুবিধাদি প্রদানের লক্ষ্যে বর্তমান সরকার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনে সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি) -এর আওতায় সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (এইচএসপি) প্রণয়ন করেছে। এ কর্মসুচির আওতায় ২০১৯-২০ অর্থবছরে মাধ্যমিক পর্যায়ে ২৪.৯৪ লক্ষ শিক্ষার্থীকে চলমান ও বকেয়া উপবৃত্তি এবং অন্যান্য সুবিধাদি বাবদ ১৪১০.১৪ কোটি টাকা বিতরণ করা হয়েছে। কর্মসূচির অপারেশন ম্যানুয়াল চূড়ান্ত না হওয়ার প্রেক্ষিতে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নির্ধারিত সময়ে উপবৃত্তি বিতরণ করা সম্ভব হয় নাই। এমতাবস্থায় শিক্ষা মন্ত্রাণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ২৩.০৪.২০২০ তারিখে ৩৭.০০.০০০০.০৮১.৪৩.০০১.১৮. ১০১ নং স্মারকে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তিকৃত একাদশ শ্রেণির উপবৃত্তিযোগ্য শিক্ষার্থী হার ও নির্বাচন পদ্ধতি নির্ধারণ করে একটি পরিপত্র জারি করেছে। উক্ত পরিপত্র অনুসরণ করে ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য হতে উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থী বাছাই, নির্বাচন, তালিকা প্রণয়নের জন্য সমাপ্ত উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পের আওতাভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (কলেজ, মাদ্রাসা ও ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ) এবং সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২। **কর্মসূচি এলাকা :** সমগ্র বাংলাদেশ এই কর্মসূচির অন্তর্ভুক্ত থাকবে।

৩। **সুবিধাদি :** বর্তমান সরকার সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় জুলাই ২০১৯ থেকে উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধা প্রদান করার উন্নীত হার অনুমোদন করেছে। স্কিম ডকুমেন্ট অনুযায়ী উপবৃত্তি ও অন্যান্য সুবিধাদি প্রদানের হার নিম্নরূপ:

| শ্রেণি | শ্রেণিভিত্তিক সুবিধাদি (টাকায়) | | | | বার্ষিক মোট (টাকা) |
|---|---|---|---|---|---|
| | উপবৃত্তি (মাসিক) | টিউশন ফি (মাসিক) | পরীক্ষার ফি (এককালীন) | বইক্রয় (এককালীন) | |
| ১১শ বিজ্ঞান | ৪০০ | ৮০ | -- | ১৫০০ | ৭২৬০ |
| ১১শ অন্যান্য | ৪০০ | ৬৫ | -- | ১০০০ | ৬৫৮০ |
| ১২শ বিজ্ঞান | ৪০০ | ৮০ | ১৫০০ | -- | ৭২৬০ |
| ১২শ অন্যান্য | ৪০০ | ৬৫ | ১২০০ | -- | ৬৭৮০ |

৪। **টিউশন ফি মওকুফ :** সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের টিউশন ফি মওকুফ থাকবে এবং তাদের নিকট হতে কোনভাবেই টিউশন ফি গ্রহণ করা যাবে না। সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের টিউশন ফি বাবদ কোন ভর্তুকি প্রদান করা হবে না। এক্ষেত্রে সরকারি হিসাব প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট খাতে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী হিসাবে উল্লেখ করা যাবে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনুকূলে স্কিম ডকুমেন্ট মোতাবেক বর্ণিত হারে টিউশন ফি ভর্তুকি প্রদান করা হবে। টিউশন ফি গ্রহণের অজুহাতে কোন দরিদ্র শিক্ষার্থী যাতে উপবৃত্তি হতে বঞ্চিত না হয় সে বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষ দৃষ্টি রাখতে হবে।

৫। **দরিদ্রতার ভিত্তিতে শিক্ষার্থী নির্বাচন পদ্ধতি :**

(ক) পরিপত্র অনুসারে ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত মোট ছাত্রীর ৪০% এবং ভর্তিকৃত মোট ছাত্রের ২০% হারে সুবিধাভোগী শিক্ষার্থী নির্বাচন করে উপবৃত্তি বিতরণ করতে হবে। সুবিধাভোগী নির্বাচনের ক্ষেত্রে অপেক্ষকৃত দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের মধ্য হতে Poverty Criteria অনুসারে বাছাই করতে হবে।

(খ) স্কিম ডকুমেন্ট মোতাবেক অনগ্রসর এবং সুবিধাবঞ্চিত নিম্নবর্ণিত ৪২টি উপজেলায় ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ১০০% শিক্ষার্থী (উপজেলার স্থায়ী নাগরিকের সন্তান ও চাকুরীজীবী) এই কর্মসূচির সুবিধাভোগী হবে।

| বিভাগ | জেলা | ক্রমিক নং | উপজেলা |
|---|---|---|---|
| চট্টগ্রাম | বান্দরবান | ১. | আলিকদম |
| | | ২. | বান্দরবান সদর |
| | | ৩. | লামা |
| | | ৪. | নাইক্ষ্যংছড়ি |
| | | ৫. | রোয়াংছড়ি |
| | | ৬. | রুমা |
| | | ৭. | থানচি |
| | খাগড়াছড়ি | ৮. | দিঘীনালা |
| | | ৯. | লক্ষীছড়ি |
| | | ১০. | মহালছড়ি |
| | | ১১. | মানিকছড়ি |
| | | ১২. | মাটিরাঙ্গা |
| | | ১৩. | পানছড়ি |
| | | ১৪. | খাগড়াছড়ি সদর |
| | | ১৫. | রামগড় |
| | | ১৬. | গুইমারি |
| | রাঙ্গামাটি | ১৭. | বাঘাইছড়ি |
| | | ১৮. | বরকল |
| | | ১৯. | বিলাইছড়ি |
| | | ২০. | জুরাছড়ি |
| | | ২১. | কাউখালী |
| | | ২২. | লংগদু |
| | | ২৩. | নানিয়ারচর |
| | | ২৪. | রাজস্থলী |
| | | ২৫. | কাপ্তাই |
| | | ২৬. | রাঙ্গামাটি সদর |
| | চট্টগ্রাম | ২৭. | সন্দীপ |
| | কক্সবাজার | ২৮. | কুতুবদিয়া |
| | নোয়াখালী | ২৯. | হাতিয়া |
| ঢাকা | কিশোরগঞ্জ | ৩০. | ইটনা |
| | | ৩১. | মিঠামঈন |
| | | ৩২. | অষ্টগ্রাম |
| ময়মনসিংহ | নেত্রকোনা | ৩৩. | খালিয়াজুরী |
| সিলেট | সুনামগঞ্জ | ৩৪. | দোয়ারাবাজার |
| | | ৩৫. | ধর্মপাশা |
| | | ৩৬. | শাল্লা |
| | হবিগঞ্জ | ৩৭. | আজমিরীগঞ্জ |
| রাজশাহী | সিরাজগঞ্জ | ৩৮. | চৌহালী |
| বরিশাল | পটুয়াখালী | ৩৯. | রাঙ্গাবালি |
| | ভোলা | ৪০. | মনপুরা |
| রংপুর | কুড়িগ্রাম | ৪১. | রৌমারী |
| | | ৪২. | চররাজিবপুর |

৬। **উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থী নির্বাচনের মানদন্ড :**

(ক) উপবৃত্তি প্রাপ্তির জন্য যোগ্য শিক্ষার্থীর পিতামাতা/ অভিভাবকের বার্ষিক আয় ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার কম হতে হবে;

(খ) উপবৃত্তি প্রাপ্তির জন্য যোগ্য শিক্ষার্থীর পিতামাতা/ অভিভাবক মেট্রোপলিটান এলাকায় ৫ শতাংশ, পৌর এলাকায় ১০ শতাংশ বা পল্লী এলাকায় হলে ৭৫ শতাংশের কম জমির মালিক হবে;

(গ) পঙ্গু, প্রতিবন্ধী এবং এতিম শিক্ষার্থী, অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান, রিক্সা/ভ্যান/ঠ্যালাগাড়ি চালকের সন্তান, দিনমজুরের সন্তান, মহিলা গৃহকর্মীর সন্তান, নদীভাঙ্গন কবলিত/ বাস্তুহারা পরিবারের সন্তান,দুস্থ পরিবারের সন্তান, উপার্জনে অসমর্থ/বিকলাঙ্গ (যেমন-পঙ্গু, অন্ধ, বোবা প্রভৃতি) পিতামাতার সন্তান এবং হিজড়া শিক্ষার্থী উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;

(ঘ) শিক্ষার্থীর শ্রেণি উপস্থিতি গড়ে ন্যূনতম ৭৫% থাকতে হবে;

(ঙ) শিক্ষার্থী এইচএসসি/সমমান পরীক্ষায় অংশগ্রহণ করা পর্যন্ত অবিবাহিত থাকবে;

(চ) শিক্ষা বোর্ডের নিয়মানুযায়ী একাদশ/সমমান শ্রেণিতে ভর্তির পরে দ্বাদশ শ্রেণি পর্যন্ত বিরতিহীনভাবে অধ্যয়ন করতে হবে;

(ছ) দ্বাদশ শ্রেণিতে নির্বাচনী পরীক্ষায় শিক্ষাবোর্ডের নিয়মানুসারে উত্তীর্ণ হয়ে পরীক্ষার ফরম পূরণ করতে হবে;

(জ) কোন ডিপ্লোমা কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীরা এই কর্মসূচির আওতায় অন্তর্ভুক্ত হবে না।

৭। **উপবৃত্তিযোগ্য শিক্ষার্থী নির্বাচন কমিটি:**

উপবৃত্তিপ্রাপ্তির যোগ্য শিক্ষার্থী নির্বাচন করার জন্য সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে আলাদা আলাদা কমিটি থাকবে।

(ক) সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্তিযোগ্য শিক্ষার্থী নির্বাচন কমিটির গঠন হবে নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান | সভাপতি |
| ২. | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের একজন শিক্ষক প্রতিনিধি | সদস্য |
| ৩. | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত একজন শিক্ষার্থী-অভিভাবক প্রতিনিধি | সদস্য |
| ৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৫. | স্থানীয় সরকারের ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের নির্বাচিত একজন প্রতিনিধি | সদস্য |
| ৬. | শিক্ষক পরিষদের সম্পাদক | সদস্য-সচিব |

(খ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্তিযোগ্য শিক্ষার্থী নির্বাচন কমিটির গঠন হবে নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি/গভর্নিং বডির সভাপতি | সভাপতি |
| ২. | পরিচালনা কমিটি/গভর্নিং বডির শিক্ষক প্রতিনিধিদের মধ্য থেকে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত একজন শিক্ষক প্রতিনিধি | সদস্য |
| ৩. | পরিচালনা কমিটি/গভর্নিং বডির অভিভাবক প্রতিনিধিদের মধ্য থেকে শিক্ষা প্রতিষ্ঠন প্রধান কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ৪. | স্থানীয় সরকারের ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের নির্বাচিত একজন প্রতিনিধি | সদস্য |
| ৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৬. | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান | সদস্য-সচিব |

৮। **নতুন প্রতিষ্ঠান অন্তর্ভুক্তি:** নতুন কোন প্রতিষ্ঠান শিক্ষা বোর্ড/ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক একাদশ শ্রেণিতে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি পেলে উক্ত প্রতিষ্ঠান সমন্বিত উপবৃত্তি কর্মসূচির অন্তর্ভুক্ত হতে পারবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির অনুমোদন গ্রহণ করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রয়োজনীয় কাগজপত্রসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে স্কিম পরিচালক বরাবর আবেদন করতে পারবেন। এক্ষেত্রে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে সম্ভাব্য উপবৃত্তিযোগ্য শিক্ষার্থীদের তালিকা প্রস্তুত করে এককপি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দপ্তরে জমা দিবেন।

৯। **ছাত্র-ছাত্রী অনুপাত :** উপবৃত্তির সুবিধাভোগী শিক্ষার্থী চূড়ান্ত করার ক্ষেত্রে প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য মোট প্রাপ্যতা ও ছাত্র-ছাত্রী অনুপাত অতিক্রম করা যাবে না। শতকরা হার অনুযায়ী নির্ধারিত সংখ্যা ০.৫ বা এর অধিক ভগ্নাংশ মানকে পরবর্তী পূর্ণ সংখ্যায় রূপান্তর করা যাবে।

২৮

১০। **সঠিক তথ্য প্রদান:** লিপিবদ্ধ তথ্যাবলি নির্ভুল আছে এরূপ নিশ্চিত হয়েই প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। পরবর্তীতে সংশোধন করার কোন সুযোগ থাকবে না। অসত্য বা ভুল তথ্য প্রদানের কারণে প্রতিষ্ঠান প্রধান ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন। অসত্য বা ভুল তথ্যের কারণে অতিরিক্ত অর্থ বিতরণ করা হলে সে অর্থ সরকারি কোষাগারে ফেরত দিতে প্রতিষ্ঠান প্রধান বাধ্য থাকবেন এবং এজন্য তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১১। উপকারভোগী নির্বাচন ও তথ্য প্রেরণ:** উপবৃত্তি বিতরণের লক্ষ্যে মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহের জন্য স্কিম দপ্তর হতে বিজ্ঞপ্তি প্রকাশের পর নির্ধারিত তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান স্কিম দপ্তরের নির্দেশনা মোতাবেক উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীদের নিকট হতে আবেদন আহবান করবেন। আবেদন গ্রহণের পর তা যাচাই করে কমিটির মাধ্যমে উপবৃত্তিযোগ্য শিক্ষার্থী নির্বাচন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উপবৃত্তি প্রাপ্তিযোগ্য শিক্ষার্থী নির্বাচন কমিটি প্রাথমিক খসড়া তালিকা প্রণয়ন করে তা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে সাত কার্যদিবসের জন্য প্রদর্শন করবে। উক্ত সময়ের মধ্যে নোটিশ বোর্ডে প্রদর্শিত তালিকার বিষয়ে কোন আপত্তি বা সংশোধনী থাকলে তা নিষ্পত্তি করে সংশোধিত তালিকা অনুমোদন করবেন। চূড়ান্ত তালিকা প্রস্তুতের পর মূলকপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে এবং ফটোকপি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়ে সংরক্ষণ করতে হবে। উক্ত তালিকা স্কিম দপ্তরে প্রেরণ করার প্রয়োজন নাই।

১২। **চূড়ান্ত তালিকা প্রেরণ:** শিক্ষা প্রতিষ্ঠান প্রধান উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর তালিকা চূড়ান্ত করে আগামী ৩১.০৮.২০২০ খ্রি. তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট জমা দিবেন।

১৩। **একাউন্ট খোলা ও তথ্য এন্ট্রি :** উপবৃত্তির যোগ্য শিক্ষার্থীদের উপবৃত্তি ও অন্যান্য সুবিধাদির অর্থ শিক্ষার্থীর অনলাইন একাউন্টে G2P পদ্ধতির মাধ্যমে প্রেরণ করা হবে। যোগ্য শিক্ষার্থীদের অনলাইন একাউন্ট খোলা, HSP MIS সফটওয়ারে শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির বিষয়ে পরবর্তীতে নির্দেশনা প্রদান করা হবে। উক্ত সফটওয়ারে তথ্য এন্ট্রির জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের আলাদা আলাদা User ID ও Password শীঘ্রই প্রেরণ করা হবে।

১৪। বর্ণিত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১৯/০৭/2020

(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
ফোন: ৯৫৬৩৪১২

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলা/থানা............................................
জেলা................................................

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/উমাউ/৩৯/২০২০/২৩৭(৪৮২)/১(৫০০) তারিখ: ১৯.০৭.২০২০ খ্রি.

<u>অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। নির্বাহী পরিচালক, এসপিএফএমএসপি প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ইউস্পে চেইনি টাওয়ার, সেগুনবাগিচা, ঢাকা।
৫। অধ্যক্ষ (সংশ্লিষ্ট সকল)
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৭। জেলা শিক্ষা অফিসার (সকল)
৮। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো )
৯। সংরক্ষণ নথি।

১৯.07.2020

(শ.ম.সাইফুল আলম)
উপপরিচালক
ফোন: ৯৫৫৮০৫৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সমন্বিত উপবৃত্তি কর্মসূচি**

সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ২য় ব্লক, ৫ম তলা, ঢাকা-১০০০।

hsp.sedp@gmail.com

ছবি

## ছাত্র/ছাত্রীর আবেদন ফরম

(একাদশ/দ্বাদশ শ্রেণির জন্য)

[বাংলায় স্পষ্টাক্ষরে বলপেন কলম দ্বারা পূরণ করতে হবে]

**প্রতিষ্ঠান সম্পর্কিত উপাত্ত/তথ্য (উচ্চ মাধ্যমিক স্কুল/কলেজ/ব্যবসায় ব্যবস্থাপনা কলেজ/মাদ্রাসা/সমমানের প্রতিষ্ঠান)**

(প্রতিষ্ঠান কর্তৃক পূরণীয়)

প্রতিষ্ঠানের EIIN নং ঃ .................................. প্রতিষ্ঠানের নাম ঃ..................................

ডাকঘর ঃ.............................. উপজেলা/থানা ঃ........................... জেলা ঃ...........................

**ছাত্র/ছাত্রীর উপাত্ত/তথ্য (উচ্চ মাধ্যমিক সংক্রান্ত)**

(ছাত্র-ছাত্রী কর্তৃক পূরণীয়)

নাম (বাংলায়) ঃ.................................................. (ইংরেজিতে) ..................................................

পিতার নাম (বাংলায়) ঃ.................................................. (ইংরেজিতে) ..................................................

মাতার নাম (বাংলায়) ঃ.................................................. (ইংরেজিতে) ..................................................

বৈবাহিক অবস্থা ঃ বিবাহিত/অবিবাহিত। জন্ম তারিখ ঃ.............................. শ্রেণি ঃ........................ রোল ঃ........................

গ্রুপ ঃ...................................... ভর্তির সন ঃ.............................................. শিক্ষাবর্ষ ঃ..................................

ঠিকানা ঃ গ্রাম/মহল্লা ................................... ডাকঘর ................................... উপজেলা/থানা ...................................

জেলা ................................. পোষ্ট কোড .............................. মোবাইল নম্বর ..................................................

**অভিভাবকের উপাত্ত/তথ্য**

(ছাত্র-ছাত্রী অভিভাবক কর্তৃক পূরণীয়)

অভিভাবকের নাম ঃ..................................................................................................

ঠিকানা (অভিভাবক) ঃ গ্রাম............................. ডাকঘর .................................. উপজেলা/থানা ..................................

জেলা .............................. পোষ্ট কোড .............................. ফোন/মোবাইল নং ..................................................

সম্পর্ক ঃ পিতা ☐ মাতা ☐ ভাই ☐ অন্যান্য ☐ (টিক √ চিহ্ন দিতে হবে)

অভিভাবকের জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর ঃ..................................................................................................

পিতা/ অভিভাবকের পেশা ও বার্ষিক আয় ঃ.......................; ......................... পরিবারের মোট সদস্য সংখ্যা ................ জন

পরিবারের মোট উপার্জনরত সদস্য সংখ্যা ........... পরিবারের মোট জমির পরিমাণ ক) কৃষি ......... শতক খ) অকৃষি ........... শতক

মোট জমির পরিমাণ .............. শতক

**আবেদনকারী কোন ক্যাটাগরি হিসাবে উপবৃত্তি পাওয়ার উপযুক্ত? (টিক √ চিহ্ন দিতে হবে)**

প্রতিবন্ধী ☐ এতিম ☐ অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান ☐ নদী ভাঙ্গন কবলিত পরিবারের সন্তান ☐

দুঃস্থ পরিবারের সন্তান ☐ অন্যান্য ☐

**ছাত্র/ছাত্রীর এস.এস.সি/দাখিল/সমমান পরীক্ষা সম্পর্কিত উপাত্ত/তথ্য (টিক √ চিহ্ন দিতে হবে)**

শিক্ষা প্রতিষ্ঠানের নাম ঃ.................................................................. (যে প্রতিষ্ঠান থেকে এস.এস.সি/দাখিল/সমমান পাশ করা হয়েছে)

ঠিকানা ঃ..................................................................................................

পাশের বছর ঃ ................................ রোল নং ঃ................................ গ্রুপ ঃ (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য)

রেজিস্ট্রেশন নম্বর ঃ........................................ শিক্ষাবর্ষ ঃ........................ জিপিএ (গ্রেড পয়েন্ট) ঃ...............................

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের স্বাক্ষর

# প্রতিষ্ঠান কর্তৃক অনুসরণীয়

১। এইচ.এস.সি, আলিম ও এইচ.এস.সি (ভোকেশনাল) শ্রেণির নিয়মিত ছাত্র/ছাত্রী হওয়া;
এইচ.এস.সি, আলিম ও এইচ.এস.সি (ভোকেশনাল)/সমমান শ্রেণির অভ্যন্তরীণ বা নির্বাচনী পরীক্ষায় নিয়মিত ছাত্র/ছাত্রী হিসেবে উত্তীর্ণ হওয়া;

২। একাদশ অথবা দ্বাদশ শ্রেণিতে পুনঃভর্তি হলে ছাত্র/ছাত্রী আলোচ্য কর্মসূচির আওতায় অনিয়মিত হিসেবে বিবেচিত হবে;

৩। এইচ.এস.সি/আলিম/এইচ.এস.সি(ভোকেশনাল)/সমমানের চূড়ান্ত পরীক্ষায় অংশ গ্রহণ করা পর্যন্ত অবিবাহিত থাকা;

৪। শ্রেণি উপস্থিতি কমপক্ষে ৭৫% হওয়া;

৫। এসএসসি/সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও মার্কশিট এর ছায়ালিপি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়নপূর্বক আবেদন ফরমের সঙ্গে সংযুক্ত করতে হবে;

৬। এস.এস.সি/সমমানের পরীক্ষার মূল মার্কশিট এইচ.এস.সি পরীক্ষা সমাপ্তি পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অফিসে জমা রাখতে হবে;

৭। শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ন্যূনতম হালনাগাদ শিক্ষা বোর্ডের স্বীকৃতি থাকা/পাঠ দানের অনুমতি থাকা;

৮। উপবৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের নিকট থেকে টিউশন ফি গ্রহণ না করা;

৯। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে ভর্তি রেজিষ্ট্রার, শ্রেণি হাজীরা খাতা, বার্ষিক ও নির্বাচনী পরীক্ষার খাতা এবং ফলাফল বিবরণী/রেজিষ্ট্রার ভর্তি ও পরীক্ষার তারিখ থেকে ন্যূনতম ২(দুই) বছর পর্যন্ত সংরক্ষণ করতে হবে;

১০। উপবৃত্তি প্রাপ্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীর অভিভাবকের বার্ষিক আয় ১,০০,০০০/- টাকার কম হতে হবে এবং মেট্রোপলিটন সিটি এলাকায় ৫ শতাংশের কম, সিটি কর্পোরেশন এলাকায় ১০ শতাংশের কম ও অন্যান্য এলাকায় ৭৫ শতাংশের কম জমি থাকতে হবে। সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/অধ্যক্ষ/শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত আয় ও জমির পরিমানের সনদপত্র থাকতে হবে;

এ মর্মে ঘোষণা করছি যে, উপরে উদ্ধৃত কর্মসূচির শর্তসমূহ মেনে চলতে বাধ্য থাকব। বর্ণিত তথ্য সমূহ সত্য। প্রদত্ত তথ্যে কোন প্রকার মিথ্যা অথবা ভুল প্রমাণিত হলে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যে কোন শাস্তি মেনে নিতে বাধ্য থাকব।

| অভিভাবকের স্বাক্ষর | ছাত্র/ছাত্রীর স্বাক্ষর | প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর (সীলসহ) |
|---|---|---|

# অভিভাবকের বার্ষিক আয়, জমির পরিমাণ ও বৈবাহিক অবস্থা সম্পর্কিত প্রত্যয়ন পত্র

ছাত্র/ছাত্রীর নাম : ..........................................................................................................

শিক্ষা প্রতিষ্ঠানের নাম : ..........................................................................................................

অভিভাবকের নাম : ..........................................................................................................

অভিভাবকের সাথে সম্পর্ক : ..........................................................................................................

অভিভাবকের ঠিকানা : ..........................................................................................................

..........................................................................................................

অভিভাবকের পেশা/পদবী : ..........................................................................................................

অভিভাবকের বার্ষিক আয় (অংকে) : ..........................................................................................................

(কথায়) : ..........................................................................................................

অভিভাবকের জমির পরিমান কৃষি : ..........................................................................................................

অকৃষি : ..........................................................................................................

মোট : ..........................................................................................................

ছাত্র/ছাত্রীর বৈবাহিক অবস্থা : ..........................................................................................................

______________ ______________

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর অভিভাবকের স্বাক্ষর

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, ...................................................................................... এর অভিভাবক জনাব/বেগম ....................................................................... পেশা/পদবী ................................................. এর বাৎসরিক আয় ............................................................. টাকা। মোট জমির পরিমান ........................... শতক (কৃষি .................. শতক ও অকৃষি ................. শতক)।

______________

প্রত্যয়নকারীর স্বাক্ষর ও সিল

ফোনঃ

(বিঃ দ্রঃ সিটি কর্পোরেশনের মেয়র বা কাউন্সিলর/পৌরসভার মেয়র বা কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/অধ্যক্ষ/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের যে কেউ প্রত্যয়ন দিতে পারবেন।)